সংযুক্তি:-১

# পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ১৩তম সভার কার্যবিবরণী

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) পরিচালনা বোর্ডের ১৩তম সভা বিগত ২৯-০৯-২০১৩ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পানি সম্পদ মন্ত্রী এবং পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) পরিচালনা বোর্ডের চেয়ারম্যান জনাব রমেশ চন্দ্র সেন, এমপি উক্ত সভায় সভাপতিত্ব করেন।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা সংযুক্তি 'ক'তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় -কে সভার কাজ আরম্ভ করার অনুরোধ করেন।

সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য মহাপরিচালক, ওয়ারপোকে আমন্ত্রণ জানান। মহাপরিচালক, ওয়ারপো সভার আলোচ্যসূচীর উপর সংক্ষিপ্ত আলোচনা উপস্থাপন করার পূর্বেই সড়ক বিভাগের সচিব উল্লেখ করেন যে, কার্যপত্রে বেশ কিছু বাংলা বানান ভুল রয়েছে। সেগুলো পরিমার্জনের উপর গুরুত্ব আরোপ করেন। পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কার্যপত্রের সংযুক্তিতে Tag না থাকায় অসন্তুষ্টি প্রকাশ করেন এবং ভবিষ্যতে এ বিষয়ে আরো সাবধানতা অবলম্বন করার জন্য পরামর্শ প্রদান করেন। এরপর মহাপরিচালক, ওয়ারপো কার্যপত্র উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয়-১: পরিচালনা বোর্ডের ১২তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

মহাপরিচালক, ওয়ারপো সভাকে অবহিত করেন যে, পরিচালনা বোর্ডের ১২তম সভার কার্যবিবরণী ওয়ারপোর স্মারক নং: ৪২.১০২.০১৮.০১.০০.০০২.১৯৯০-৪৪৬(১১) তারিখ: ০৯-০৫-২০১৩ মোতাবেক সকল সম্মানিত সদস্যদের নিকট প্রেরণ করা হয়েছে। এই কার্যবিবরণীর উপর অদ্যাবধি কোন মন্তব্য পাওয়া যায় নাই। তিনি এই কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উত্থাপন করেন।

পরিচালনা বোর্ডের ১২তম সভার কার্যবিবরণীতে উত্থাপিত সিদ্ধান্তসমূহের উপর একটি সংক্ষিপ্ত আলোচনার পর পরিচালনা বোর্ডের সম্মানীত সদস্যবৃন্দ কার্যবিবরণী অনুমোদন বিষয়ে একমত পোষণ করেন।

**গৃহীত সিদ্ধান্ত:**

সভাপতি মহোদয় পরিচালনা বোর্ডের ১২তম সভার কার্যবিবরণী সদয় অনুমোদন প্রদান করেন।

**আলোচ্য বিষয়-২: পরিচালনা বোর্ডের ১২তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।**

মহাপরিচালক, ওয়ারপো বিগত ২৫-০৪-২০১৩ তারিখে অনুষ্ঠিত ওয়ারপো পরিচালনা বোর্ডের ১২তম সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন।

আলোচ্য বিষয়-২ এর অগ্রগতি প্রতিবেদন আলোচনাকালে সভায় মাননীয় সভাপতি বলেন যে কারিগরী কমিটির সভা ঘন ঘন অনুষ্ঠিত হতে হবে এবং সকল বিষয় বিশেষ করে বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর আওতায় প্রণীতব্য বিধি-বিধান, পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের কার্যপদ্ধতি ও বিভিন্ন কমিটির কার্যপদ্ধতি কারিগরী কমিটির সুপারিশসহ পরিচালনা বোর্ডের অনুমোদনের জন্য পেশ করতে হবে।

১২তম সভার সিদ্ধান্ত - ওয়ারপো পরিচালনা বোর্ডের সম্মানিত সদস্যদের সম্মানী বৃদ্ধির ব্যাপারে অর্থ মন্ত্রণালয়ে পুনরায় প্রস্তাব পাঠানো যেতে পারে - এ বিষয়ে মহাপরিচালক উল্লেখ করেন যে, পানি সম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে সম্মানী বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে, যা অর্থ মন্ত্রণালয় কর্তৃক নামঞ্জুর করা হয়েছে।

বাংলাদেশ পানি আইন, ২০১৩ অনুমোদনের পর ওয়ারপো'র জনবল বৃদ্ধি ও উক্ত আইনের অধীন প্রয়োজনীয় বিধি-বিধান প্রণয়ন করতে হবে, এ সংক্রান্ত সিদ্ধান্তের জবাবে মহাপরিচালক উল্লেখ করেন যে, বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর আওতায় প্রয়োজনীয় বিধি-বিধান প্রণয়ন ও আনুষঙ্গিক অন্যান্য কার্যাদি সম্পন্ন করার জন্য Swiss Agency for Development and Cooperation (SDC) এর আর্থিক সহায়তায় একটি কারিগরী প্রকল্প প্রণয়ন করে ইতিমধ্যে তা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় প্রশ্ন উত্থাপন করেন যে, বিধি তৈরীর জন্য উপদেষ্টা নিয়োগ করতে হবে কেন! এ বিষয়ে ওয়ারপো'র পক্ষ হতে এই প্রকল্পের বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা করা হয়। এতে সিনিয়র সচিব মহোদয় মন্তব্য করেন যে, টিপিপি মন্ত্রণালয়ে পরীক্ষা-নিরীক্ষাকালীন এ বিষয়টি দেখা হবে।

পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর আলোকে পরিচালনা বোর্ডের কার্যপদ্ধতি ও কার্যনির্বাহী পরিষদের কার্যপদ্ধতি, বাংলাদেশ পানি আইন, ২০১৩ অনুমোদিত হওয়ার পর পরিষদ সভায় উপস্থাপনের নির্দেশনার আলোকে, মহাপরিচালক উল্লেখ করেন যে, বাংলাদেশ পানি আইন, ২০১৩ বিগত ৩০-০৬-২০১৩ তারিখ হতে কার্যকর করা হয়েছে। এমতাবস্থায় বর্ণিত কার্যপদ্ধতি দু'টি অদ্যকার সভার এজেন্ডাভুক্ত করা হয়েছে।

১২তম সভায় ৪র্থ সিদ্ধান্তের আলোকে যে সমস্ত বিভিন্ন ব্যক্তি/সংস্থা ওয়ারপো'র ডাটা ব্যবহার করেছে এবং এতে কত টাকা আয় হয়েছে তার একটি তালিকা সভায় উপস্থাপন করেন। এতে দেখা যায় যে, অদ্যাবধি ২৫১ জন ব্যক্তি বা প্রতিষ্ঠান ওয়ারপো'র ডাটা ব্যবহার করেছে যার মূল্য ৩১,৪২,৮১৬.০৪ টাকা। Data Dissemination Policy অনুসারে প্রযোজ্য ক্ষেত্রে discount প্রদান করার পর ওয়ারপো'র তহবিলে সর্বমোট ১৮,৬২,৮১৪.৯৯ টাকা জমা হয়েছে।

১২তম সভার সর্বশেষ সিদ্ধান্ত - গত সভার পর অদ্যকার সভা পর্যন্ত ওয়ারপো কার্যকলাপ বিষয়ে একটি Power Point উপস্থাপন করা হয়।

**সিদ্ধান্ত:** পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর ধারা ১২ অনুযায়ী অর্জিত টাকা ওয়ারপো'র কল্যাণে ব্যবহৃত হওয়ার অনুমতি প্রদানের ব্যবস্থা নিতে হবে। এ বিষয়ে ওয়ারপো কর্তৃক প্রণীত বিধি সিদ্ধান্ত ৩-এর আলোকে গঠিত কমিটি কর্তৃক পরীক্ষা-নিরীক্ষান্তে পরিচালনা বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

৩। **আলোচ্য বিষয়-৩: ওয়ারপো'র পরিচালনা বোর্ড এবং কার্যনির্বাহী পরিষদের কার্যপদ্ধতি অনুমোদন।**

মহাপরিচালক, ওয়ারপো আলোচ্যসূচীর অগ্রগতি পর্যালোচনাকালে উল্লেখ করেন ওয়ারপো'র পরিচালনা বোর্ড ও কার্যনির্বাহী পরিষদের কার্যপদ্ধতি বিষয়ক খসড়া এবং পানি সম্পদ পরিকল্পনা সংস্থা উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ তহবিল বিধিমালা, ২০১২ এর খসড়া বিগত ৬ ও ৮ নভেম্বর ২০১২ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয় পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর আওতায় সকল বিধিমিালা ও কার্যপদ্ধতি ভিন্ন ভিন্নভাবে প্রণয়ন না করে একীভূত করে প্রণয়নপূর্বক পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণের দিকনির্দেশনা প্রদান করেন। যেহেতু পরিচালনা বোর্ডের কার্যপদ্ধতি ও কার্যনির্বাহী পরিষদের কার্যপদ্ধতি উভয়টিই পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত হবে, সেহেতু মহাপরিচালক কার্যপদ্ধতি দু'টি অনুমোদনের সুপারিশ করেন। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় অভিমত ব্যক্ত করেন যে, এই স্বল্প পরিসর ও সময়ে কার্যপদ্ধতিটি পরীক্ষা-নিরীক্ষা করা অসম্ভব। এমতাবস্থায় মন্ত্রণালয়ে একটি কমিটির মাধ্যমে কার্যপদ্ধতিটি পরীক্ষা-নিরীক্ষা করত: পরবর্তী সভায় উপস্থাপন করা যায়। মহাপরিচালক এ মর্মে অনুরোধ করেন যে, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এর নেতৃত্বে একটি কমিটি গঠন করে বিষয়টি আলোচনা করে সমাধান করা যায়। সিনিয়র সচিব মহোদয় প্রস্তাব করেন যে, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, মহাপরিচালক, ওয়ারপো এবং বাপাউবো'র একজন অতিরিক্ত মহাপরিচালককে নিয়ে একটি কমিটি গঠন করা যায়। মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিবকে তাঁর প্রস্তাব মোতাবেক কমিটি গঠন করার নির্দেশনা দেন।

**সিদ্ধান্ত:** অতিরিক্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়কে আহবায়ক করে একটি কমিটি গঠন করতে হবে, এতে মহাপরিচালক, ওয়ারপো ও বাপাউবো'র একজন অতিরিক্ত মহাপরিচালক সদস্য থাকবেন। এই কমিটি কার্যপদ্ধতি দু'টি পুঙ্খানুপুঙ্খ পরীক্ষা-নিরীক্ষা করবেন এবং এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন ১৪তম ওয়ারপো'র পরিচালনা বোর্ড সভায় উত্থাপন করতে হবে।

**আলোচ্য বিষয়-৪: বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর আলোকে ওয়ারপোর বর্ধিত ভূমিকা, কার্যাবলী ও সংশ্লিষ্ট বিধি-বিধান (Rules Regulation) প্রণয়ন সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা।**

মহাপরিচালক, ওয়ারপো পরিচালনা বোর্ডের ১১তম সভার সিদ্ধান্ত মোতাবেক সভাকে জানান যে, বিগত ০২-০৫-২০১৩ তারিখে বাংলাদেশ পানি আইন, ২০১৩ অনুমোদিত হয় এবং উক্ত আইনের কপি সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও সম্মানিত সদস্যগণকে দেওয়া হয়েছে। উক্ত পানি আইনের আলোকে বর্ধিত কার্যক্রমের প্রয়োজনে ওয়ারপো শক্তিশালীকরণের লক্ষ্যে জনবল বৃদ্ধি ও বিধি-বিধান প্রণয়ন সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনাকালে উল্লেখ করেন, ওয়ারপো ইতোমধ্যে এতদ্‌সংক্রান্ত পরামর্শক নিয়োগের উদ্দেশ্যে একটি প্রকল্প প্রস্তাব (টিপিপি) মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে এবং এটি অনুমোদনের পর্যায় রয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর ইংরেজী অনুবাদের একটি খসড়া ওয়ারপো মন্ত্রণালয়ে প্রেরণ করেছে এবং মন্ত্রণালয়ও বিগত ১৬-০৯-২০১৩ তারিখে আইন মন্ত্রণালয়ে প্রেরণ করেছেন। আইন মন্ত্রণালয় হতে ইংরেজী অনুবাদের ভেটিং কপি পাওয়া গেলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

**সিদ্ধান্ত:** বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর আওতায় প্রণীত বিধি-বিধান কারিগরী কমিটিতে আলোচনা করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৫: বিবিধ

মহাপরিচালক, ওয়ারপো সংক্ষিপ্ত অগ্রগতি প্রতিবেদন সমাপ্ত হওয়ার পর বিগত ১২তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ওয়ারপো'র পরিচালক (কারিগরী) ড. নিলুফা ইসলাম মহাপরিচালকের নির্দেশক্রমে সংক্ষিপ্ত পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় প্রেজেন্টেশন উপস্থাপনার শুরুতে বলেন যে, বিস্তারিত আলোচনায় না গিয়ে শুধুমাত্র বিগত ২৫-০৪-২০৩ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের সভার পর ওয়ারপো কর্তৃক সম্পাদিত কার্যাবলীর বিবরণী জানতে চান। পরিচালক, ওয়ারপো জানান যে, বর্তমানে "জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (এনডব্লিউএমপি)" হালনাগাদকরণের লক্ষ্যে ওয়ারপো চলমান পানি ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্পের (ওয়ামিপ) আওতায় (i) Review NWMP of Implementation Assessment (ii) Assessment of Surface Water (iii) Assessment of Ground Water এ তিনটি কার্যক্রম হাতে নেওয়া হয়েছে, যার অনুমতি প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ৮৯১ লক্ষ টাকা। ইতোমধ্যে ক্রমিক নং ২ ও ৩ কার্যক্রম ২টি বিশ্বব্যাংকের অনুমোদন নিয়ে সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে Single Source ভিত্তিতে IWM কে উপদেষ্টা হিসেবে নিয়োগের প্রস্তাব অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মাননীয় মন্ত্রী কার্যক্রম ২টি অনুমোদনের প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য সিনিয়র সচিবকে নির্দেশ প্রদান করেন। এক পর্যায়ে সিনিয়র সচিব জানতে চান এনডব্লিউএমপি হালনাগাদকরণ সংক্রান্ত কম্পোনেন্ট ৩টি কি WMIP-Revised DPPতে অন্তর্ভূক্ত রয়েছে কিনা? মহাপরিচালক, ওয়ারপো জানান যে, কম্পোনেন্ট ৩টি DPPতে অন্তর্ভুক্ত আছে।

বাংলাদেশ পানি আইন, ২০১৩ বিগত ০২ মে, ২০১৩/১৯ বৈশাখ, ১৪২০ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। বিগত ৩০ জুন, ২০১৩/১৬ আষাঢ় ১৪২০ তারিখে প্রকাশিত গেজেট প্রজ্ঞাপন এর মাধ্যমে আইনটি সমগ্র বাংলাদেশে কার্যকর করা হয়। উক্ত আইনের ধারা ১৬ ব্যতীত অবশিষ্ট ধারাসমূহ অবিলম্বে এবং ধারা ১৬ উক্ত ধারার উদ্দেশ্য পূরণকল্পে ধারা ৪৫ এর অধীনে বিধিমালা জারীর তারিখ হইতে কার্যকর হবে। ইতিমধ্যে উক্ত আইনের ধারা ৪ ও ধারা ৯ এর বিধান মোতাবেক NWRC ও ECNWRC গঠিত হয়েছে।

বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর ইংরেজী অনুবাদ এর খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয় ইতোমধ্যে আইন মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য প্রেরণ করেছে। মাননীয় মন্ত্রী আইন মন্ত্রণালয়ের ভেটিং ত্বরান্বিত করার জন্য নির্দেশ প্রদান করেন। অত:পর ধারা ৪৬ অনুযায়ী ইংরেজী অনুদিত টেক্সটি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশের উপর গুরুত্ব আরোপ করেন।

পরিচালক, ওয়ারপো সভাকে অবহিত করেন বাংলাদেশ পানি আইন, ২০১৩ কে কার্যকরী করা এবং এর প্রাতিষ্ঠানিক রূপদানের জন্য বর্তমানে সংশ্লিষ্ট ধারাগুলোর বিধি প্রণয়নের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। Swiss Agency for Development and Cooperation (SDC) এ বিধি প্রণয়নের লক্ষ্যে ওয়ারপোকে আর্থিক ও কারিগরী সহযোগিতা প্রদান করার আগ্রহ প্রকাশ করেছে। এ লক্ষ্যে ওয়ারপো কর্তৃক একটি টিপিপি মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। টিপিপি অনুমোদিত হলে আগামী নভেম্বর, ২০১৩ থেকে এ প্রকল্পের আওতায় পানি আইনের সকল বিধি তৈরীর কাজ সম্পন্ন করা হবে।

বর্তমানে পানি ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প (ওয়ামিপ) এর আওতায় "জাতীয় পানি সম্পদ ডাটাবেজ (NWRD) এর হালনাগাদকরণের কাজ চলছে, যা এনডব্লিউএমপি হালনাগাদকরণে সহায়ক হবে।

**গৃহীত সিদ্ধান্ত:** ওয়ারপোর কার্যকলাপ বিষয়ে বোর্ডের পরবর্তী সভায় অনুরূপ একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করতে হবে।

পরিশেষে পরিচালনা বোর্ডের সভাপতি মাননীয় মন্ত্রী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

(মোঃ সহিদুর রহমান)
মহাপরিচালক, ওয়ারপো
ও
সদস্য-সচিব, পরিচালনা বোর্ড
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

০৬/১০/২০১৩
(রমেশ চন্দ্র সেন)
মন্ত্রী
পানি সম্পদ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান, পরিচালনা বোর্ড
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

১৯

স্মারক নংঃ ৪২.১০২.০০৬.০৫.০০.০৩৩.২০০২-৯২১(২১) তারিখঃ ০৯-১০-২০১৩খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রনালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও চেয়ারম্যান,ওয়ারপো পরিচালনা বোর্ড।
২. মাননীয় প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশেষ অতিথি, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৩. সদস্য (কৃষি,পানি সম্পদ ও পল্লী প্রাতষ্ঠান), পরিকল্পনা কমিশন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ও ভাইস চেয়ারম্যান, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৪. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৬. সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো, পরিচালনা বোর্ড।
৭. সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৮. সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৯. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
১০. সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
১১. মহাপরিচালক, ওয়ারপো, সদস্য সচিব, ওয়ারপো পরিচালনা বোর্ড।

৯/১০/১৩

(এস, এম, শাহাব উদ্দিন মাহমুদ)
সচিব, ওয়ারপো

# পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) পরিচালনরা বোর্ডের ১৩তম সভা

সভাপতি : জনাব রমেশ চন্দ্র সেন, মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়।

তারিখ : ২৯-০৯-২০১৩ খ্রিঃ।

সময় : ১১:০০

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৪০৬), পানি সম্পদ মন্ত্রণালয়।

| ক্রঃ নং | নাম ও পদবী | দপ্তর | টেলিফোন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | [illegible] সদস্য, [illegible] | [illegible] | | [illegible] |
| ০২ | এম. এ. এন. ছিদ্দিক সচিব | সড়ক বিভাগ | | [illegible] |
| ০৩ | স্বপন কুমার সরকার মহাপরিচালক (অতি: সচিব) | স্থানীয় সরকার বিভাগ | ০১৭১৩০৪১৫০১ | [illegible] ২৯/৯/২০১৩ |
| ০৪ | [illegible] চৌধুরী অতিরিক্ত সচিব | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | 9514412 | [illegible] |
| ০৫ | মো: [illegible] ইসলাম [illegible] যুগ্ম সচিব | কৃষি মন্ত্রণালয় | [illegible] | [illegible] |
| ০৬ | [illegible] সচিব | [illegible] | [illegible] | [illegible] |
| ০৭ | [illegible] | [illegible] | — | [illegible] |
| ০৮ | মো: [illegible] রহমান | ওয়ারপো | [illegible] | [illegible] |
| ০৯ | | | | |
| ১০ | | | | |